

একই স্মারক ও তারিখ স্মারকে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ  
সমন্বয় শাখা-২

নং-২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০ (অংশ-২).৮৯


তারিখ: ১৫ চৈত্র ১৪২৯  
২৯ মার্চ ২০২৩

বিষয়: পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস ব্যবহার সংক্রান্ত

সূত্র: (ক) কার্যক্রম বিভাগের স্মারক নং-২০.০৬.০০০০.৬১৭.১৪.২৫৩.২৩-৮২, তারিখ: ২৩.০৩.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ জুন ২০২২ তারিখে জারিকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা'-র ১.৯ নং অনুচ্ছেদে সরকারি খাতে বিনিয়োগ ব্যবস্থাপনা আরো শক্তিশালী ও ফলপ্রসূ করার লক্ষ্যে কার্যক্রম বিভাগ থেকে প্রণীত পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস ব্যবহারের বিষয়ে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার অনুবৃত্তিক্রমে সকল সেক্টরের (১৫টি সেক্টর) প্রকল্প যাচাইয়ের জন্য মন্ত্রণালয়/বিভাগে Ministry Assessment Format (MAF) এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রকল্প মূল্যায়নের জন্য Sector Appraisal Format (SAF) ব্যবহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২. বর্ণিত অবস্থায়, পরিকল্পনা কমিশনের সকল সেক্টরের (১৫টি সেক্টর) অণুতায়ী সকল মন্ত্রণালয়/বিভাগের নতুন বিনিয়োগ প্রকল্প প্রস্তাব যাচাই ও মূল্যায়নের ক্ষেত্রে যথাক্রমে Ministry Assessment Format (MAF) ও Sector Appraisal Format (SAF) টুলস এর ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
২৯.০৩.২০২৩

(তাহমিনা তাছলীম)  
যুগ্মসচিব (একনেক)  
টেলিফোন: ৪৮১১১১৯৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সিনিয়র সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।